গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফুলবাড়ী সরকারি কলেজ
ফুলবাড়ী, দিনাজপুর

www.phulbarigovtcollege.edu.bd
E-mail : phulbarigovt.college@yahoo.com

☎ ঃ ০৫৩২৭৫৬২১৭ মোবাইল ঃ ০১৩০৯১২০৪৫১

স্মারক নং-ফুসক/১২০৮/২০২১ তারিখ ঃ ২৮/০৭/২০২১ ইং

# ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

| বিষয় | কোড | ক্রঃ | SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম যোগ্যতা | | | HSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম যোগ্যতা | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| বাংলা | ১০০১ | | পরীক্ষার নাম | পাসের সন | ন্যূনতম GPA | পরীক্ষার নাম | পাসের সন | ন্যূনতম GPA (৪র্থ বিষয়সহ) |
| ইংরেজি | ১১০১ | ক. | SSC ও সমমান (মানবিক শাখা) | ২০১৭/১৮ | 2.5 | HSC ও সমমান (মানবিক শাখা) | ২০১৯/২০ | 2.5 |
| দর্শন | ১৭০১ | খ. | SSC ও সমমান (বিজ্ঞান শাখা) | ২০১৭/১৮ | 3.0 | HSC ও সমমান (বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) | ২০১৯/২০ | 2.5 |
| রাষ্ট্রবিজ্ঞান | ১৯০১ | বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে শুধুমাত্র (I) HSC (ভোকেশনাল) (II) HSC (বিজসেন ম্যানেজমেন্ট) (III) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা "খ" নং শর্তপূরণ স্বাপেক্ষে আবেদন করতে পারবে। | | | | | | |
| রসায়ন | ২৮০১ | | | | | | | |
| গণিত | ৩৭০১ | | | | | | | |

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদের প্রাথমিক আবেদন ও ভর্তি সংক্রান্ত কার্যক্রম নিম্নোক্তভাবে সম্পন্ন করা হবে:

**(১) ভর্তির আবেদনের নিয়মাবলি:**

(ক) ভর্তিচ্ছু যেসকল প্রার্থী উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় পাস করেছে তাদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) থেকে আগামী ২৮/০৭/২০২১, বিকাল ০৪.০০টা হতে ১৪/৮/২০২১ তারিখের মধ্যে অনলাইনে আবেদন ফরমপূরণ করতে হবে।

(খ) প্রার্থী ফুলবাড়ী সরকারি কলেজের নাম সিলেক্ট করলে অত্র কলেজের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তিযোগ্য বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সতর্কতার সাথে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে।

(গ) ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০×১৫০ pixels, Image Type:jpg এবং maximum file size: 50Kb. আবেদনের ছবিটি সংরক্ষণ করতে হবে এবং কলেজের online admission system এ একই ছবি ব্যবহার করতে হবে।

(ঘ) ডাউনলোডকৃত প্রাথমিক আবেদন ফরমটি A4 পেপার (৮.৫"×১১" ইঞ্চি) সাইজ হতে হবে এবং এটি সাদা অফসেট পেপার দ্বারা প্রিন্টেড হতে হবে। নির্ধারিত কাগজের মাপ ব্যতীত অন্য মাপের ফরম গ্রহণ করা হবে না। **ডাউনলোডকৃত আবেদন ফরম অত্যন্ত সতর্কতার সাথে পূরণ করতে হবে। কলেক কর্তৃক নিশ্চয়নের পর ফরমের ক্রটি সংশোধন করা যাবে না। ক্রটিপূর্ণ ও ভুল ছবিযুক্ত ফরম বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।**

(ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল, স্নাতক(পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত কোন শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক(সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এসকল শিক্ষার্থীরা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

(চ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

**(*Website : www.phulbarigovtcollege.edu.bd & Facebook page : Principalfgc* তে নিয়মিত চোখ রাখুন)**

(ছ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা পুরণ করতে হবে। **<u>কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মুল সনদপত্র থাকতে হবে</u>**। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। **কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।**

**<u>২। আবেদন ফি :</u>**

(ক) প্রাথমিক আবেদনের নির্ধারিত ফি ২৫০/- (দুইশত পঞ্চাশ) ও {মোবাইল ব্যাংকিং চার্জ ১৫/- (পনের) টাকা} সর্বমোট = ২৬৫/- (দুই শত পঁয়ষট্টি) টাকা ডাচ বাংলা ব্যাংকের নেক্সাস পে গেট ওয়ের মাধ্যমে (মোবাইল ব্যাংকিং রকেটসহ) পরিশোধ করতে হবে।

**(খ)** কলেজের ওয়েবসাইট www.phulbarigovtcollege.edu.bd এ প্রবেশ করে Online Admission Option গিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত রোল নম্বর দিতে হবে অতঃপর ইংরেজিতে বড় হাতের অক্ষরে নিজের নাম, পিতার নাম, মাতার নাম ও জাতীয় বিশ্ববিদ্যালয়ে ফরমপূরণ করার সময় যে ছবি আপলোড করা হয়েছে সে ছবি ও মোবাইল নম্বর দিয়ে প্রবেশ করতে হবে। Payment Option এ গিয়ে রকেট নাম্বার বা নেক্সাস পে কার্ড নাম্বার দিয়ে ফি পরিশোধ করতে হবে। রকেট নাম্বার বা নেক্সাস পে কার্ড নাম্বার দেওয়ার পর উক্ত মোবাইল নাম্বারে (রকেট/নেক্সাস পে) OTP যাবে সে নাম্বারটি দিয়ে ফি পরিশোধ সম্পন্ন হবে।

**৩। আবেদন ফরম জমাঃ আবেদন ফরম ও ফি পরিশোধের ডাউনলোডকৃত স্লিপ নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।**

৪। **<u>ফলাফল প্রকাশ:</u>**

(ক) ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের কোনো ভর্তি পরীক্ষা দিতে হবে না।

(খ) প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরি করে প্রার্থীদের পছন্দক্রমের উর্ধ্বক্রম অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির বিষয় বরাদ্দ দেয়া হবে।

(গ) শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট www.nu.ac.bd/admissions অথবা SMS (nu<space>athn<space>roll no) টাইপ করে 16222 নম্বরে send করে ফলাফল জানতে পারবে।

(ঘ) ভর্তির ফলাফল পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, বিশেষ কোটা এবং রিলিজ স্লিপের (প্রয়োজনে একাধিক বার) মাধ্যমে প্রকাশ করা হবে। এরপর ভর্তির জন্য সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে হবে।

(ঙ) যে সকল প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হবে না সে সকল প্রার্থী পাঁচটি কলেজে আলাদাভাবে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে।

<u>৫। অনলাইনে ক্লাস শুরু : ১৫ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।</u>

ভর্তি সংক্রান্ত কলেজের তথ্য www. phulbarigovtcollege.edu.bd কলেজ ওয়েব সাইটে পাওয়া যাবে।

বি:দ্র: প্রাথমিক আবেদন ও ভর্তি সংক্রান্ত যাবতীয় বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত ভর্তি নির্দেশিকা অনুসরণ করা হবে। এই ভর্তি কার্যক্রমের যে কোনো ধারা/নিয়মাবলির সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**উল্লেখ্য যে, সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করার জন্য বলা হলো।**

প্রতি স্বাক্ষর

২৮/০৭/২০২১
(মো. আহসান হাবীব)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ফুলবাড়ী সরকারি কলেজ, দিনাজপুর

(খন্দকার মো. হুমায়ুন রেজা কবির)
সহযোগী অধ্যাপক, প্রাণিবিদ্যা
ও
আহ্বায়ক
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি ২০২০-২০২১
ফুলবাড়ী সরকারি কলেজ, দিনাজপুর

**(*Website : www.phulbarigovtcollege.edu.bd & Facebook page : Principalfgc* তে নিয়মিত চোখ রাখুন)**